

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
শিশু প্রারম্ভিক যত্ন শাখা

সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন

সরেজমিনে পরিদর্শনের তারিখ : ২১/০৫/২০২৩  
কর্মকর্তার নাম ও পদবী : হাসনে বানু, সহকারী সচিব, (শিপ্রায় শাখা)  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
সরেজমিনে পরিদর্শনকালীন কার্যক্রম : জাতীয় মহিলা সংস্থার কার্যক্রম পরিদর্শন।

সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত :  
বিষয়সমূহ

গত ২১ মে ২০২৩ তারিখ বেলা ৯.৩০ ঘটিকায় নীলফামারী জেলা শহরে অবস্থিত জাতীয় মহিলা সংস্থা পরিদর্শন করি। পরিদর্শনকালে চেয়ারম্যান রাবেয়া আলিম, জেলা কর্মকর্তা, তথ্য আপা কর্মকর্তা ফাতেমা এবং অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে দেখা যায় যে, তথ্য আপা ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে, তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়) প্রকল্পের ৬টি নির্ধারিত বিষয় নিয়ে যথা-তথ্য প্রযুক্তি, আইন, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, ব্যবসা। তথ্য আপা প্রকল্পের আওতায় গ্রামীণ সুবিধাবঞ্চিত ৫০ জন মহিলাকে নিয়ে উঠান বৈঠক করা হয়। প্রতিজনকে ১০০ টাকা প্রদান করা হয় ও নাস্তা দেয়া হয়। আরো জানা যায় যে, তাদের কার্যক্রম পরিচালনায় লালসবুজ ডটকম ওয়েবসাইট এর মাধ্যমে পণ্য বিক্রি করা এতে গ্রামীণ উদ্যোক্তা মহিলারা ঘরে বসে উপার্জন করেন। তৃণমূল পর্যায়ে নারীদেরকে জমি সংক্রান্ত, আইনি সংক্রান্ত, জন্ম নিয়ন্ত্রণ, প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ভর্তি ফরম পূরণ চাকুরীর আবেদন ফরম বিনামূল্যে পূরণ করে অন লাইনে সেবা প্রদান করা হয়। জাতীয় মহিলা সংস্থার নিজস্ব ট্রেড দর্জি বিজ্ঞানের ৩০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ চলমান। সকাল ব্যাচে ১৫ জন বিকাল ব্যাচে ১৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রতিজন প্রশিক্ষণার্থীকে ১০০ টাকা করে ভাতা প্রদান করা হয়। পরিদর্শনকালে প্রশিক্ষণার্থীরা এমব্রয়ডারির কাজ করছে এবং কাজগুলো খুবই সুন্দর। এছাড়া জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (৬৪) প্রকল্পে ৫০জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সকাল ব্যাচে ২৫ জন এবং বিকাল ব্যাচে ২৫ জন প্রশিক্ষণার্থী রয়েছে।

সুপারিশ/মন্তব্যঃ

- ১। জাতীয় মহিলা সংস্থার নিজস্ব ভবন জরাজীর্ণ থাকায় ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণের সুপারিশ করা হয়; এবং
- ২। যথাযথভাবে প্রশিক্ষণ প্রদান এবং নতুন উদ্যোক্তা তৈরী করার সুপারিশ করা হয়।

হাসনে বানু  
২০/০৫/২০২৩  
(হাসনে বানু)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।